অভিমত: লোটেরা ও দুর্বৃত্তদের ঐক্যবদ্ধ ভাবে রুখতে হবে

||শাহজাহান সেলিম বুলবুল
চেম্বার ডেস্ক::সোনার দেশের মানুষ আজ শতকরা ১০% শিক্ষিত লুটেরা ও তাদের মূর্খ অনুসারী দুর্বৃত্তদের কাছে জিম্মি!!
এদের অপকর্ম রুখতে দেশপ্রেমিক জনতাকে ঐক্যবদ্ধ হতে হবে। দুর্বৃত্তদের সকল অপকর্ম তুলে ধরতে প্রকৃত পেশাদার সাংবাদিকরা নিরলস কাজ করে যাচ্ছেন।
কিন্তু এতে করে লুটেরাদের অনুসারী দুর্বৃত্তরা সাংবাদিকদের উপর করে হামলা,দেয় মিথ্যা মামলা!
এতে করে সাংবাদিকরা প্রতিনিয়ত হচ্ছেন হামলা ও মামলার শিকার,অনেক সময় পরিবারের উপরও হয় হামলা।
এই সকল অপকর্ম করে দুর্বৃত্তরা রাজনৈতিক লুটেরাদের ঘাড়ে সওয়ার হয়ে পার পেয়ে যায়। ছড়ায় সাংবাদিকদের বিরুদ্ধে প্রপাগাণ্ডা!! এতে করে পেশাদার প্রকৃত সাংবাদিকরা নিরাপত্তার কথা চিন্তা করে বড় ঝুঁকি নিতে চাননা। এই সুযোগে দুর্বৃত্তরা দূর্নীতিতে উৎসাহী হয়ে উঠে।তখন
দেশের সম্পদ লোপাট করে ও প্রতিবাদীদের করে নির্যাতন ও হয়রানি। এই সকল মিষ্টিভাষি প্রতারকদের মন ভোলানো কথা ও সাময়িক সহযোগিতায় প্রভাবিত না হয়ে, দেশপ্রেমিক জনতাকে ঐক্যবদ্ধ ভাবে লুটেরাদেরকে রুখতে হবে।
সোনার দেশকে বাঁচাতে হবে,আগামী প্রজন্মদের জন্য সুন্দর দেশ গড়তে সবাইকে এগিয়ে আসতে হবে।
পাশাপাশি সাংবাদিকদের নিরাপত্তার জন্য সরকারকে কঠোর পদক্ষেপ ও জান -মালের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
পাশাপাশি রাজনৈতিক দলের সুনাম ধরে রাখতে লুটেরা ও দুর্বৃত্তদের দুরে সরিয়ে রাখতে হবে।
আমাদের সবাইকে মনে রাখতে হবে এই দেশের মান রক্ষা করা আমাদের সকলেরই দায়িত্ব।
সাংবাদিকদের এই ঝুকিপূর্ণ পেশায় সরকারকে তাদের জান -মালের নিরাপত্তা ও পরিবার রক্ষার্থে সহজ নিয়মে অস্ত্রের লাইসেন্স প্রদান সময়ের দাবী।
এক্ষেত্রে স্থানীয় সাংবাদিক সংগঠন ও প্রশাসনের সহযোগিতায়

পেশাদার সাংবাদিকদের তালিকা করতে হবে। তখন অপসাংবাদিকরা নিপাত যাবে।
রোটারিয়ান শাহজাহান সেলিম বুলবুল
সভাপতি
কানাইঘাট প্রেসক্লাব
০২/০২/২০২১